

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ
গাইবান্ধা



Web: www.gtsc.gov.bd
Email: tscgaibandha@gmail.com

স্মারক নং-৩৭.০৩.৩২২৪.০০০.৪০.০০১.১৮-২৯১২

তারিখঃ ২৫-০৯-২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ে অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) এর আওতায় গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য Motor Driving with Basic Maintenance ট্রেডে প্রশিক্ষণ পরিচালনার জন্য (অতিথি প্রশিক্ষক) সংযুক্তির নিমিত্ত নিম্নে বর্ণিত পদসমূহে সর্বসাকুল্য বেতনে পদের বিপরীতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সর্বসাকুল্যে দৈনিক বেতন	শিক্ষাগত যোগ্যতা
১।	ড্রাইভিং প্রশিক্ষক (অতিথি প্রশিক্ষক)	১৫০০/- (এক হাজার পাঁচশত)	কোন স্বীকৃত বোর্ড হতে এস,এস,সি পাসসহ বিআরটিএ কর্তৃক ড্রাইভিং লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২।	সহকারী ড্রাইভিং প্রশিক্ষক (অতিথি প্রশিক্ষক)	১২০০/- (এক হাজার দুইশত)	অষ্টম শ্রেণি পাসসহ বিআরটিএ কর্তৃক ড্রাইভিং লাইসেন্সসহ ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৩।	ল্যাংগুয়েজ টিচার (ইংরেজি)	১০০০/- (এক হাজার)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ) স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) ৪ বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজের ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
৪।	ল্যাংগুয়েজ টিচার (আরবি)	১০০০/- (এক হাজার)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবি বিষয়ে ১ম শ্রেণির (সমমানের সিজিপিএ), স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির (সমমানের সিজিপিএ) ৪ বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজের ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।

- আগ্রহী প্রার্থীদেরকে Legal সাইজের অফসেট কাগজে কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষর সম্বলিত নিজের নাম, পিতার/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, মোবাইল নম্বরসহ যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, বয়স (৩০/১২/২০১৮ ইং তারিখে), জাতীয়তা, ধর্ম ও শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আবেদনপত্র "অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা ও চেয়ারপার্সন, অতিথি প্রশিক্ষক সংযুক্তি কমিটি" কে সম্বোধন করিয়া আবেদন করিতে হইবে।
- আবেদনপত্র অবশ্যই অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে ৩০/০৯/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।
- দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি রঙিন ছবি।
 - ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে প্রদেয় নাগরিকত্ব সনদপত্র।
 - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
 - ৩০/০৯/২০২১ ইং তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়স ৪০ (চল্লিশ) বছর। (অভিজ্ঞ প্রার্থীদের বেলায় বয়সের উর্ধ্বসীমা শিথলযোগ্য)।
 - অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
 - খামের উপর পদের নাম, আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা লিখতে হবে।
 - নিজ ঠিকানা সম্বলিত ০২ (দুই) টি ৪.৫ X ৯.৫ সাইজের ফেরত খাম দরখাস্তের সাথে জমা দিতে হবে।
 - অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(প্রকৌঃ মোঃ ছিদ্দিকুর রহমান)

অধ্যক্ষ

গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ

গাইবান্ধা ও

চেয়ারপার্সন

অতিথি প্রশিক্ষক নিয়োগ কমিটি